



ইয়ুথ লিডার বিপাসার উদ্যোগ

রাজশাহীর চারঘাট উপজেলার সরদহ ইউনিয়নের সাদিপুর গ্রামের কলেজছাত্রী বিপাসা খাতুন করোনাসহিষ্ণু গ্রাম গঠনের জন্য সক্রিয় রয়েছেন। তিনি স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য জনসচেতনতা সৃষ্টিতে উঠান বৈঠক ও বাড়ি বাড়ি প্রচারাভিযান পরিচালনা করেন। এছাড়াও গ্রাম উন্নয়ন দলের সহযোগিতায় ৪০টি পরিবারে সাবান, প্রচারপত্র এবং ব্লিচিং পাউডার বিতরণ করেন। প্রয়াত মন্ত্রী ডা. আলাউদ্দিনের পরিবারের পক্ষ থেকে ত্রাণ সহায়তা নিয়ে তিনি গ্রামের একটি অভুক্ত পরিবারকে সহযোগিতা করেন।



আজগর আলীর উপহার

খুলনার ডুমুরিয়া উপজেলার রুদাঘরা গ্রামের ইয়ুথ এন্ডিং হাঙ্গার ইউনিটের কো-অর্ডিনেটর জিএম আজগর আলীর উদ্যোগে করোনা সংকটে বিপদগ্রস্ত পরিবারের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে। গত ১৬ জুন গ্রামের বিত্তবান, চাকুরিজীবী ও বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দের নিকট থেকে অর্থ সংগ্রহ করে ১৪টি পরিবারে খাদ্য সহায়তা বিতরণ করা হয়। তাদের মানবিক সহায়তা উপহারের মধ্যে ছিল পনের কেজি চাল, দুই কেজি আলু, এক কেজি করে পিঁয়াজ ও লবণ, একশ গ্রাম রসুন, এক লিটার তেল, একটি সাবান ও মসলা। কাজটি বাস্তবায়নে আজগর আলীর সাথে চার জন ইয়ুথ সদস্য বিশেষ ভূমিকা রেখেছেন। তাদের কাজটি চলমান রাখার কথা জানিয়েছেন আজগর।



পরবর্তীতে পরিবারটিকে দি হাঙ্গার প্রজেক্ট এর পক্ষ থেকে সবজি চাষের জন্য বীজ পৌঁছে দেন এবং নিজের পরিবারের দশ কাঠা জমিতে সরবজি চাষের সুযোগ দেন।

বিপাসা ইউনিয়ন পরিষদের মানবিক সহায়তা কমিটির মাধ্যমে এলাকার ২০টি পরিবারে খাদ্য সহায়তা নিশ্চিত করেছেন। তার নেতৃত্বে এলাকার বাইরে থেকে কেউ সাদিপুর গ্রামে আসলে হোম কোয়ারেন্টিন নিশ্চিত করা হয়।

বিপাসাসহ সাদিপুর গ্রামের স্বেচ্ছাসেবীদের সক্রিয়তা গ্রামটিকে করোনামুক্ত রাখবে বলে স্থানীয় মানুষদের প্রত্যাশা। তারাও এই কাজে আন্তরিকভাবে সহায়তা করে চলেছেন। বিপাসাদের উদ্যোগ এলাকায় একটি সম্মিলিত আশাবাদের জন্ম দিয়েছে।

এলাকার সুরক্ষায় সক্রিয় মামুন

সামাজিক দায়বদ্ধতারভিত্তিতে সমাজের উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহীর মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়ন ইউনিটের কোর্ডিনেটরের মোঃ মামুনের রশিদ। একটি সিটিজেনস ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণ পাওয়ার মাধ্যমে সামাজিক দায়বদ্ধতার উপলব্ধি সৃষ্টি হয় তার মাঝে। এরপর থেকে তিনি জনসচেতনতা বাড়ানোর জন্য দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর সহযোগিতায় নিজের এলাকায় প্রচারাভিযান ও উঠান বৈঠক পরিচালনা করে আসছেন।



করোনা সংক্রমণ থেকে সুরক্ষিত থাকতে পরিজন পাড়া গ্রামের মানুষদের শারীরিক দূরত্ব, পুষ্টিকর খাবার, মাস্ক ব্যবহার, হাত ধোয়াসহ যথাযথভাবে বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রচারাভিযান পরিচালনা করছেন। তার উদ্যোগে গ্রামের প্রতিটি ট্যাংক ও টিউবওয়েলে সাবান বেঁধে রাখা হয়। এছাড়াও জীবানুনাশক স্প্রে করা সহ সরকারি ত্রাণের উপকারভোগীর নামের তালিকা করতে ইউনিয়ন পরিষদের সদস্যকে সহযোগিতা করছেন তিনি। অন্য এলাকা থেকে কেউ গ্রামে আসলে নিয়ম মেনে ১৪ দিন হোম কোয়ারেন্টিনের জন্য বলা এবং কেউ অসুস্থ হলে চিকিৎসার জন্য পরামর্শ দিচ্ছেন। এভাবে গ্রামবাসীকে সাথে নিয়ে করোনাসহিষ্ণু গ্রাম গড়তে সরকলকে সাথে নিয়ে কাজ করে চলেছেন মামুন।

ব্যায়োগ্রাফি রিসার্কে অংশগ্রহণের নিয়মাবলি

১. রেজিস্ট্রেশন করতে হবে
২. অফোফারী বিতর্কে সরাসরি কোন বিতর্ক হবে না
৩. বিচারভিত্তিক একটি ডিবিও পঠাতে হবে ৫ মিনিটের
৪. বিতর্কের বিষয়: অর্থাৎ 'আসুক দেখে'
৫. ডিবিওটি আপলোড করবেন Youth Ending Hunger Bangladesh এর গুপে
৬. প্রথমে ৩ টি হাসট্যাগ দিনে: কালশনে #nationaldebatefest2020, #ব্যায়োগ্রাফিরবিতর্ক, #YEHB
৭. তারপর আপনার পরিচয় দিনে
৮. রেজিস্ট্রেশন কি এর ট্রান্সক্রিপশন অর্থাৎ লিখবেন
৯. রেজিস্ট্রেশন এক ডিবিও পঠাতে পারবেন আপনি ১৩ ই আগস্ট পর্যন্ত
১০. ব্যায়োগ্রাফি বিতর্কে অংশগ্রহণকারী প্রত্যেককেই সার্টিফিকেট পাবেন

সূত্র নির্বাচনের প্রক্রিয়া

১. প্রাথমিকভাবে সেরা বিতর্কের ১০ টি আমাদের জাল পাবেন। বছরই করবে
২. সেইগুলো সেইসঙ্গে থেকে আপলোড হবে
৩. ১০ টি মধ্য থেকে লাইক, কমেন্ট, শেয়ার বেশি হবে সেই অন্যায়ী ১,২,৩ নির্ধারিত হবে

রেজিস্ট্রেশন ফি ৫০ টাকা

রেজিস্ট্রেশন ফি দিনে: ০1406097810 এই নাম্বারে

রেজিস্ট্রেশন লিংক: <https://bit.ly/3g047YM> গুপে লিংক: <https://bit.ly/3jcaae6>

আয়োজক: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আজার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org
yeh.thpbd.org | thpbd.org
[facebook.com/YEHB](https://www.facebook.com/YEHB)

হেবাল্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

THE
HUNGER
PROJECT